গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm .gov.bd

তারিখঃ ২৪/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০- ১০৫

**অফিস আদেশ**

যেহেতু, জনাব মোসাঃ নাজমা বেগম, পিতা- মোঃ নুরুল ইসলাম, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা) এর বিরুদ্ধে সিভিল সার্জন অফিস, ভোলা এর ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখের সি,এস/ভোলা/২০২০/১০২১ নং স্মারকে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি ২৩/০৭/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় ভর্তিকৃত রোগী জনাব শাহানাজ এর ডিএনসি করার সময় রোগীর জরায়ু ছিদ্র করে খাদ্যনালী বের করে নিয়ে আসেন;

২। যেহেতু, উল্লিখিত কারণে তার বিরুদ্ধে অভিযোগ তদন্ত করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য মর্মে উল্লেখ করা হয়;

৩। যেহেতু, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর গত ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০২০.২২৭ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন ;

৪। যেহেতু, দাখিলকৃত কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখে ৪৫.০০০০.০০৭.২৭.২৬১.২০২০.৮২ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৬/০৭/২০২১ খ্রি তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে অভিযোগটি সন্দেহাতিতভাবে প্রমাণিত হয়েছে;

৬। যেহেতু, গত ০৩/১১/২০২১ খ্রিঃ তারিখে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং- ০৩৯/২০২১ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় তার ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের দাখিলকৃত জবাব এর প্রেক্ষিতে ২৩/০১/২০২২ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৭। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ১ম কারণ দর্শানোর, তার ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং নথি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হয়েছে;

৮। সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী মোসাঃ নাজমা বেগম, পিতা- মোঃ নুরুল ইসলাম, সিনিয়র স্টাফ নার্স, , উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা) কে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৪ (চার) বছরের জন্য স্থগিত রাখা হলো। শাস্তির মেয়াদ শেষে অভিযুক্ত কর্মকর্তা কোন বকেয়া পাবেন না এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২৪/০৩/২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

তারিখঃ ২৪/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬১.২০-১০৫/১ (১০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সিভিল সার্জন, বোরহানউদ্দিন, ভোলা/ লক্ষ্মীপুর ।
৪। ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর ।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা/ অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর ।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ভোলা/ লক্ষ্মীপুর ।
৭। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর । (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৮। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহানউদ্দিন, ভোলা/ অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর।
৯। জনাব মোসাঃ নাজমা বেগম, পিতা- মোঃ নুরুল ইসলাম, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, অ্যালেকজান্ডার, লক্ষ্মীপুর।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

24/3/22


মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭